গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গোয়ালন্দ, রাজবাড়ী
acl.goalanda.rajbari.gov.bd

**গোয়ালন্দ উপজেলা ভূমি অফিসের ডিসেম্বর/২০২২ মাসের রাজস্ব সম্মেলনের কার্যবিবরনী ঃ**

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোয়ালন্দ, রাজবাড়ী।
সভার তারিখ ঃ ২৯/১২/২০২২ খ্রিঃ।
সময় ঃ ২.৩০ টায়।

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি শুরুতে উপজেলা রাজস্ব প্রশাসনের গতিশীলতা বৃদ্ধির জন্য সকলের প্রতি আহবান জানান। সভাপতির নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

০১। সংস্থাপন বিষয়ক ঃ

সভার শুরুতে সভাপতি সকলের কাছে জানতে চান যে, কোন কর্মচারীর দক্ষতাসীমা, চাকুরী স্থায়ীকরণ, টাইম স্কেল ইত্যাদি বিষয় উপজেলা ভূমি অফিসে পেন্ডিং আছে কিনা ? সকলে জানান যে, উপজেলা ভূমি অফিসে কারো কোন আবেদন পেন্ডিং নাই। রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী এবং পরিদর্শন প্রতিবেদন জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়ের কার্যালয়ে প্রতি মাসের ২৫ তারিখের পূর্বেই আবশ্যিকভাবে পৌছানোর নির্দেশনা দেওয়া হয়।

০২। ভূমি উন্নয়ন করের দাবী আদায় ঃ

| উপজেলার নাম-গোয়ালন্দ | সাধারণ দাবী | | | এ পর্যন্ত সাধারণ আদায় | | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|
| ইউনিয়ন ভূমি অফিসের নাম | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | - |
| উজানচর | ৫৩৩৪৯৪/- | ১২১৬৮১৩/- | ১৭৫০৩০৭/- | ১৫৮৫৮১/- | ৩২৫৯৭৬/- | ৪৮৪৫৫৭/- | ২৭.৬৮% |
| দৌলতদিয়া | ১৭০৩৯০/- | ৩০৫১৯০/- | ৪৭৫৫৮০/- | ৯০৬৫৮/- | ১২১৩৯০/- | ২১২০৪৮/- | ৪৪.৫৯% |
| দেবগ্রাম | ৪৮৯৯৭/- | ৬১২০৯/- | ১১০২০৬/- | ২৫৬২৫/- | ৩৫২৯৮/- | ৬০৯২৩/- | ৫৫% |
| ছোটভাকলা | ১৮২১০২/- | ২৪৭৮৯৮/- | ৪৩০০০০/- | ৯৮৪৭৬/- | ১২৪৪০২/- | ২২২৮৭৮/- | ৫১.৮৩% |
| মোট= | ৯৩৪৯৮৩/- | ১৮৩১১১০/- | ২৭৬৬০৯৩/- | ৩৭৩৩৪০/- | ৬০৭০৬৬/- | ৯৮০৪০৬/- | ৩৫.৪৪% |

| উপজেলার নাম-গোয়ালন্দ | সংস্থার দাবী | | | এ পর্যন্ত সংস্থার আদায় | | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|
| ইউনিয়ন ভূমি অফিসের নাম | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | |
| উজানচর | ৮৬৮৮২/- | ১৮৯৫১০/- | ২৭৬৩৯২/- | - | - | - | |
| দৌলতদিয়া | ৩৮৩২৫২/- | ১৪৫৯৬৪/- | ৫২৯২১৬/- | - | ১০০০/- | ১০০০/- | ০.১৯% |
| দেবগ্রাম | ৩৫৪১৮০/- | ২৮৭৬২/- | ৩৮২৯৪২/- | - | ১২৫০/- | ১২৫০/- | ০.৩৩% |
| ছোটভাকলা | ৭৯৮২/- | ৪৬৩৪০/- | ৫৪৩২২/- | - | - | - | |

| মোট= | ৮৩২২৯৬/- | ৪১০৫৭৬/- | ১২৪২৮৭২/- | - | ২২৫০/- | ২২৫০/- | ০.১৮% |
|---|---|---|---|---|---|---|---|

২০২১-২২ অর্থ বছরের সাধারন আদায় হার ১০০% হওয়ায় সভাপতি মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন সহ ২০২২-২০২৩ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবী দাখিল করায় সভয় সন্তুষ্টি প্রকাশ করা হয়। এছাড়া সংস্থা আদায়ের হার কম হওয়ায় সংস্থা প্রধানের নিকট দাবী প্রেরণসহ যোগাযোগ রক্ষা ও আদায়ের ব্যাপারে তৎপর হওয়ার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। ডিসেম্বর/২২ মাসে আদায়ের হার ১০০% বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)।

০৩। নামজারী ও জমাভাগ সংক্রান্ত ঃ

| উপজেলার নাম | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত অনিস্পত্তি কেসের সংখ্যা | | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | | মোট নামজারী কেসের সংখ্যা | | চলতি মাসে নিস্পত্তি কেসের সংখ্যা | | অনিস্পত্তি কেসের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড |
| গোয়ালন্দ | ১৮৬ টি | - | ২৮৪ টি | - | ৩৬৫ টি | - | ২৮৫ টি | - | ৮০ টি | - |

অনিস্পন্ন নামজারী কেস এবং পেন্ডিং আবেদন সমূহের বিষয়ে আলোচনা করা হয় এবং সভায় নতুন পরিপত্র অনুযায়ী নামজারী জমাখারিজ/জমা একত্রীকরণ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। উক্ত পরিপত্র অনুযায়ী ই-নামজারী বাস্তবায়ন যাতে হয় সে দিকে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ইউনিয় ভূমি সহকারী কর্মকর্তাগণ ০৫ দিনের মধ্যে প্রস্তাব/প্রতিবেদন দিবেন এবং সর্বোচ্চ ২০ দিনের মধ্যে উপজেলা ভূমি অফিস হতে ই-নামজারি সম্পন্ন করতে হবে। সিরিয়াল ব্রেক করে নামজারি সম্পন্ন না করার জন্য সকলকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়। তাছাড়া বিগত অর্থ বছরগুলোতে সকল পেন্ডিং ই-নামজারি কেস এক সপ্তাহের মধ্যে নিস্পত্তির নির্দেশনা দেওয়া হয়। নামজারী শেষে রেকর্ড কারেকশন করার জন্য গুরুত্বারোপ করা হয়। গত সপ্তাহে নামজারিকৃত খতিয়ান কারেকশন না করায় এ কার্যালয়ের নাজির জনাব মোঃ আলাউদ্দিন মিয়া-কে কারণ ব্যাখ্যাসহ সৃজিত খতিয়ান দিয়ে এ কার্যালয় ও ইউনিয়ন ভূমি অফিসের জন্য বই বাঁধাই করতে বলা হয়। খতিয়ানে সর্বশেষ আগত নামজারি খতিয়ান ও মূল খতিয়ান এবং আগত জোত ও সৃজিত জোত উল্লেখ করার নির্দেশনা দেওয়া হয়। এ ছাড়াও প্রতি মাসে ই-নামজারীর খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ১। ১০০% ই-মিউটেশন সম্পন্ন করতে হবে।
বাস্তবায়নে ঃ ২। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)

০৩। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত ঃ সভায় রেন্ট সার্টিফিকেট মামলার বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। বড় বড় খাতকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য নির্দেশ প্রদান করা হয়। প্রতি মাসে কমপক্ষে ৮ টি রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য বলা হয়।
রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের ও আদায় সংক্রান্ত:

| ক্রমিক নং | বিবেচ্য মাসে দায়ের | বিবেচ্য মাসে নিস্পত্তি | বিবেচ্য মাসে নিস্পত্তির সাথে জড়িত অর্থের পরিমাণ | চলতি অর্থবছরে নিস্পত্তি | চলতি অর্থবছরে নিস্পত্তির সাথে জড়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০৬ | ০৬ | ১৩১৩১/- | ৪৪ টি | ১০০৭৮৭/- | - |

বাস্তবায়নে ঃ ১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)

০৪। দেওয়ানী মোকদ্দমা সংক্রান্ত: দেওয়ানী মামলা সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়। দেওয়ানী মামলার আরজির কপি পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। এ ছাড়া দেওয়ানী মামলার দফাওয়ারী জবাবের সাথে স্কেচ ম্যাপ ও খতিয়ান প্রস্তত করে দেওয়ার জন্য বলা হয়। এছাড়া দেওয়ানী রেজিস্টারের সব কলাম যথাযথভাবে পূরণ করার নির্দেশনা দেওয়া হয়।

বাস্তবায়নে ঃ ১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।

২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)

০৫। খাস জমি সংক্রান্ত: ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের নির্ধারিত ছক মোতাবেক খাসজমির তথ্য সরেজমিনে যাচাইপূর্বক প্রত্যেক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকতা আগামী ০৭ দিনের মধ্যে প্রতিবেদন পেশ করবেন। সাইনবোর্ড ঝুলিয়ে খাসজমির দখল নিশ্চিত করে অবৈধ দখলদারের তালিকা প্রস্তত করতে হবে। প্রতিবেদনে অসম্পূর্ণতার দায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকতাগণকে বহন করতে হবে। উজানচর ও ছোটভাকলা ইউনিয়ন ব্যতীত অন্যান্য ইউনিয়ন হতে মোট সর্ব্বোচ্চ ১৫ টি ঘরের বরাদ্দ চাওয়ার বিষয়ে আলোচনা হয় এবং নতুন ৪১ টি আবেদন তদন্ত করার নির্দেশনা দেওয়া হয়। এ যাবৎ ৬৭৯ টি ঘর বাবদ মোট বরাদ্দ, কতগুলো কবুলিয়ত ও নামজারি সম্পন্ন হয়েছে সে বিষয়ে বিষদ আলোচনা হয়। এ ছাড়া মুজিব বর্ষের ঘর তৈরির জন্য খাস জমি উদ্ধার করতে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে বলা হয়।

বাস্তবায়নে ঃ
১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)

০৬। ভিপি জমি সংক্রান্ত: নদীগর্ভে বিলিন ৪৯ টি ভিপি নথির সকল কার্যক্রম স্থগিত রাখা এবং নবায়নযোগ্য সকল নথির আদায় বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

বাস্তবায়নে ঃ
১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)

০৬। অডিট আপত্তি সংক্রান্ত: অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। যতগুলি অডিট আপত্তি আছে তা আগামী মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।

বাস্তবায়নে ঃ
১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)

০৭। মুজিববর্ষের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" তালিকার পূনর্বাসিত পরিবারের নামে নামজারি শতভাগ জানুয়রি/২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সকলকে আন্তরিকতার সাথে কাজ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ
১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।
২। ইউনিয়ন ভূমি সহকারী/ উপ-সহকারী কর্মকর্তা (সকল)

০৮। এ অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিতরণকৃত সকল অফিস সরঞ্জাম স্টক রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ
১। সহকারী কমিশনার (ভূমি), গোয়ালন্দ, রাজবাড়ী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ জাকির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।

নম্বর- ০৫.৩০.৮২২৯.০০৪.০২.০০৫.১৭- ৬০(১০) তারিখ: ১০/১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী।

~~৩।~~ উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

৪। সার্ভেয়ার ও কানুনগো (ভারপ্রাপ্ত), উপজেলা ভূমি অফিস, গোয়ালন্দ, রাজবাড়ী।

৫। প্রধান সহকারী, উপজেলা ভূমি অফিস, গোয়ালন্দ, রাজবাড়ী।

৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা উজানচর/দৌলতদিয়া/দেবগ্রাম/ছোট ভাকলা ইউনিয়ন ভূমি অফিস, গোয়ালন্দ, রাজবাড়ী।

৭। অফিস কপি।

১০/০১/২৩

মোঃ আশরাফুর রহমান
সহকারী কমিশনার (ভূমি)
গোয়ালন্দ, রাজবাড়ী।